

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ/১২ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ২০২-আইন/২০২০।—যেহেতু সরকার স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে ১০ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ২৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৫৯ আইন/২০২০ দ্বারা ঢাকা জেলার দোহার উপজেলাধীন দোহার পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়া উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন কোনো আপত্তি উত্থাপিত হয়নি বিধায় সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিল বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা :—

(৭৩৫৭)

মূল্য : টাকা ৪.০০

## তফসিল

ক্রমিক নম্বর	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নম্বর	দাগ নম্বর
১.	সুতারপাড়া	ঘাটা	৬১	৩৩৭-৫৮৯, ১০৪৭, ১০৪৯, ১১৩৫- ১১৫০, ১১৮৭-১১৮৯, ১৪০৭-১৪০৮, ১৪৭৯-১৬৮০, ১৯১৩-১৯২০, ৩০৭৫- ৩০৮০, ৩০৮৩-৩১৫০, ৩৬০১-৪২০৯, ৪২১৭-৪২১৮, ৪২২৬-৪২২৭, ৪৩৬৭, ৪৩৭১-৪৩৯০, ৪৪৯৪-৪৬৬৫।
২.	সুতারপাড়া	সুতারপাড়া	৬৩	২৬০১-২৬৬৯, ২৬৮০-২৬৮৩, ৩২১০- ৩২২০, ৩২৭৭-৩৩২৭, ৩৩২৯, ৩৩৩২- ৩৩৩৫, ৩৩৭০-৩৩৭৪, ৩৩৭৬-৩৩৭৮, ৪৪২৮-৪৪২৯।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফারুক হোসেন

উপসচিব।